

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৬

বৈশাখ ০৯, ১৪২২
তারিখ : -----
এপ্রিল ২২, ২০১৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংক শাখাসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-০৩/২০১৪ এবং ১৮/২০১৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

ইতোমধ্যে আপনারা নিশ্চয়ই জেনেছেন যে, গত ২১/০৪/২০১৫ তারিখে বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড এর আশুলিয়ার কাঠগড়া শাখায় প্রকাশ্য দিবালোকে এক দুর্ধর্ষ ডাকাতির ঘটনায় শাখা ব্যবস্থাপক, নিরাপত্তা প্রহরীসহ মোট ০৮(আট) জন নিহত এবং অনেকে আহত হন। ভবিষ্যতে এ ধরনের পরিস্থিতি মোকাবেলা ও প্রতিরোধের জন্য ত্বরিত পদক্ষেপ হিসেবে প্রতিটি ব্যাংক শাখাকে তাদের নিকটস্থ থানার সাথে একটি হটলাইনের মাধ্যমে দ্রুত যোগাযোগ স্থাপনের জন্য পুলিশ কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট থানায় আবেদন করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। প্রসংগত উল্লেখ্য, এতদ্বিষয়ে ব্যাংকের আবেদনক্রমে দ্রুত ব্যবস্থা গ্রহণের নিমিত্তে গভর্নর মহোদয় বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শকের নিকট একটি ডিও লেটারের মাধ্যমে সংশ্লিষ্ট থানাগুলোকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানিয়েছেন।

একইসাথে উপরোক্ত সার্কুলার লেটারদ্বয়ের নির্দেশনা পরিপালন নিশ্চিত করার জন্য আপনাদিগকে পুনরায় পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ রেজাউল ইসলাম)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
ফোন : ৯৫৩০২৫২।